

উপজেলা মৎস্য ও প্রাণিসম্পদ কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : বেগম কামরুন নাহার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া, কুমিল্লা।
 সভারস্থান : উপজেলা প্রাণিসম্পদ দপ্তর, বরুড়া, কুমিল্লা।
 তারিখ : ১৫/০৩/২০২২ইং।
 সময় : ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক'তে সংযুক্ত।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে কমিটির সদস্য সচিব সভা পরিচালনা করেন।
 অতঃপর নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
গরু হুস্তপুষ্টি করন।	কমিটির সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন যে সাধারণ কৃষক ও খামারীরা গরু হুস্তপুষ্টি করেন। সাধারণ কৃষক ও খামারীরা যাতে নিষিদ্ধ হরমোন ও টেবলেট ব্যবহার না করে যে জন্য অত্র দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীগন ভেজাল খাদ্য, নিষিদ্ধ ঔষধ, হরমোন এর কুফল সম্পর্কে সাধারণ কৃষক ও খামারী জানতে পারে এবং ব্যবহার থেকে বিরত থাকে তার পরামর্শ দিয়ে আসছে। এবং কিভাবে গরু হুস্তপুষ্টি করতে হয় সে ব্যাপারেও পরামর্শ দিচ্ছে। এছাড়া ও বিভাগীয় অন্যান্য কার্যক্রম অব্যাহত আছে।	ভেজাল পশুখাদ্য ও নিষিদ্ধ হরমোন এর ব্যবহার বন্ধে প্রাণিসম্পদ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীদেরকে সার্বক্ষণিক ভাবে কৃষক ও খামারীদের সাথে যোগাযোগ রাখার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা প্রাণিসম্পদ বিভাগ।
মৎস্য চাষের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দ প্রদান।	কমিটির সদস্য উপজেলা মৎস্য কর্মকর্তা বলেন যে, মাঠ পর্যায়ে মৎস্যচাষীদেরকে টেকনিক্যাল বিষয়ে পরামর্শ প্রদান করা হয়। কিন্তু পরামর্শের পাশাপাশি আর্থিক সহায়তা দেওয়া গেলে চাষীগন আরও ইন্নত জাতের মাছের চাষ করতে পারে তার জন্য উপজেলা পরিষদের তহবিল হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাব করেন।	বিষয়টি উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সম্মনয় সভায় উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা পরিষদ/ উপজেলা মৎস্য কর্মকর্তা।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কামরুন নাহার

(স্বাক্ষর)

(বেগম কামরুন নাহার)
 মহিলা ভাইস চেয়ারম্যান
 উপজেলা পরিষদ, বরুড়া, কুমিল্লা
 ও
 সভাপতি
 মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি।

তারিখঃ-১৫/০৩/২০২২ইং।

স্মারক নং- ৩৩.০১.১৯০৯.০০০.০৬.০০৩.২১- ১১২(৫৫)

অনুলিপি, কার্যার্থে/জ্ঞাতার্থে

- ০১। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, বরুড়া, কুমিল্লা।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বরুড়া, কুমিল্লা।
- ০৪। চেয়ারম্যান,..... ইউপি, বরুড়া, কুমিল্লা।
- ০৫। অফিস কপি।

(স্বাক্ষর)
 উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

ও
 সদস্য সচিব
 মৎস্য ও প্রাণিসম্পদ কমিটি।

পরিশিষ্ট-“ক”

উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণীসম্পদ কমিটির সভায় উপস্থিত সদস্যগণের তালিকা।

ক্রঃ	নাম	পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০১	বেগম কামরুন নাহার	মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, বরুড়া।	সভাপতি	কামরুন
০২	জনাব মোঃ নুরুল ইসলাম	চেয়ারম্যান, ঝালম ইউনিয়ন পরিষদ, বরুড়া, কুমিল্লা।	সদস্য	ইম
০৩	জনাব জাকির হোসেন বাদল	চেয়ারম্যান, আড্ডা ইউনিয়ন পরিষদ, বরুড়া, কুমিল্লা।	সদস্য	
০৪	জনাব রমনী মোহন পাল	উপজেলা মৎস্য কর্মকর্তা (ভারপ্রাপ্ত) বরুড়া, কুমিল্লা।	সদস্য	
০৫	জনাব নাসরিন সুলতানা তনু	উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, বরুড়া, কুমিল্লা।	সদস্য-সচিব	